Set Code-1

বেলাল আহমেদ রাজু
কনফিডেন্স
কর্পোরেট অফিস : 01973101504/07
Facebook Group: BCS CONFIDENCE. Email: bcsconfidence@hotmail.com

50th Preli. Subject Test-14 (নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন)-এর ব্যাখ্যাসহ প্রশ্ন সমাধান

১. **নিচের কোনটিকে 'দেশপ্রেমের সূতীকাগার' বলা হয়?**
ক. ■ আত্মসংযম খ. বিবেক
গ. বুদ্ধিমত্তা ঘ. সংবেদনশীলতা

ব্যাখ্যা : **আত্মসংযম** মানুষকে দায়িত্বশীল, নীতিবান ও আত্মত্যাগী করে তোলে। এই গুণ থেকেই দেশ ও জাতির প্রতি প্রকৃত ভালোবাসা বা **দেশপ্রেম** জন্ম নেয়।

২. **'ভালো-মন্দ' কোন ধরনের মূল্যবোধ?**
ক. ■ নৈতিক মূল্যবোধ খ. অর্থনৈতিক মূল্যবোধ
গ. রাজনৈতিক মূল্যবোধ ঘ. সামাজিক মূল্যবোধ

ব্যাখ্যা : **ভালো ও মন্দের বিচার** মানুষের নৈতিক বিবেকের ওপর নির্ভরশীল। তাই এটি **নৈতিক মূল্যবোধের** অন্তর্ভুক্ত।

৩. **'সার্বভৌমত্ব' কী?**
ক. সরকারের চরম ক্ষমতা খ. ■ রাষ্ট্রের চরম ক্ষমতা
গ. রাষ্ট্রপতির চরম ক্ষমতা ঘ. প্রধানমন্ত্রীর চরম ক্ষমতা

ব্যাখ্যা : **সার্বভৌমত্ব** বলতে **রাষ্ট্রের সর্বোচ্চ, চূড়ান্ত ও স্বাধীন ক্ষমতাকে** বোঝায়, যা কোনো অভ্যন্তরীণ বা বাহ্যিক শক্তির অধীন নয়।

৪. **কত সালে 'দুর্নীতি দমন কমিশন (দুদক)' গঠিত হয়?**
ক. ২০০১ সালে খ. ২০০২ সালে
গ. ২০০৩ সালে ঘ. ■ ২০০৪ সালে

ব্যাখ্যা : বাংলাদেশে দুর্নীতি প্রতিরোধ ও দমন করার লক্ষ্যে **২০০৪ সালে দুর্নীতি দমন কমিশন** গঠিত হয়।

৫. **"শাসক যদি মহৎগুণ সম্পন্ন হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি মহৎগুণ সম্পন্ন না হয় তাহলে আইন অকার্যকর"-এটি কে বলেছেন?**
ক. সক্রেটিস খ. ■ প্লেটো
গ. অ্যারিস্টটল ঘ. বেনথাম

ব্যাখ্যা : **প্লেটো** মনে করতেন, শাসক যদি নীতিবান ও গুণসম্পন্ন হন, তবে আইন অপ্রয়োজনীয় হয়ে পড়ে; আর শাসক যদি নীতিহীন হন, তবে আইনও কার্যকর হয় না।

৬. **পৌরনীতি ও সুশাসনের আলোচ্য বিষয় কোনটি?**
ক. জনগনের সেবামূলক কার্যাবলী খ. জনস্বাস্থ্য বিষয়ক আলোচনা
গ. নাগরিক জীবনের বাস্তবতা ঘ. ■ বিভিন্ন নাগরিক অধিকার

ব্যাখ্যা : **পৌরনীতি ও সুশাসনের** মূল লক্ষ্য হলো **নাগরিকের অধিকার, কর্তব্য** ও রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্ক আলোচনা করা।

৭. **'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের' কোন অনুচ্ছেদে 'জনস্বাস্থ্য ও নৈতিকতা' সম্পর্কে আলোচিত হয়েছে?**
ক. অনুচ্ছেদ ১৭ খ. ■ অনুচ্ছেদ ১৮
গ. অনুচ্ছেদ ১৯ ঘ. অনুচ্ছেদ ২০

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানের **১৮ নং অনুচ্ছেদে** জনস্বাস্থ্য, পুষ্টি ও নৈতিকতার উন্নয়নকে রাষ্ট্রের দায়িত্ব হিসেবে উল্লেখ করা হয়েছে।

৮. **সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের কর্তব্য কোনটি?**
ক. সৎভাবে ব্যবসা-বাণিজ্য করা খ. সরকার পরিচালনায় সাহায্য করা
গ. নিজের অধিকার উপভোগ করা ঘ. ■ সন্তানদের শিক্ষাদান

ব্যাখ্যা : সুশিক্ষিত নাগরিকই সুশাসনের ভিত্তি। **সন্তানদের সঠিক শিক্ষা প্রদান** ভবিষ্যৎ নাগরিক গঠনে সহায়ক।

৯. **জাতীয়তা বলতে বোঝায়–**
ক. ■ মানসিক চেতনা খ. রাজনৈতিক চেতনা
গ. অর্থনৈতিক চেতনা ঘ. সামাজিক চেতনা

ব্যাখ্যা : জাতীয়তা হলো মানুষের মধ্যে জাতিগত ঐক্য, আবেগ ও আত্মপরিচয়ের **মানসিক অনুভূতি।**

১০. **'গোল্ডেন মিন (Golden Mean)' বলতে কী বোঝায়?**
ক. সমস্ত সম্ভাব্য গড় খ. ■ দুটি চরমপন্থার মধ্যবর্তী অবস্থা
গ. একটি প্রাচীন দার্শনিক ধারণার নাম ঘ. ত্রিভুজের দুটি বাহুর ভূ-কেন্দ্রিক সম্পর্ক

ব্যাখ্যা : এরিস্টটলের মতে নৈতিক জীবন হলো **দুই চরম আচরণের মাঝামাঝি পথ** (গোল্ডেন মিন) অনুসরণ করা।

১১. **সরকারের কার্যকারিতা নষ্ট হয়–**
ক. টাকা পয়সার অভাবে
খ. ■ নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে দক্ষতার অভাব
গ. বিরোধী দলের সহিংস আচরণের জন্য
ঘ. দাতা দেশগুলোর সাহায্য না দেওয়ার কারণে

ব্যাখ্যা : **দক্ষ নীতি ও সঠিক সিদ্ধান্ত** ছাড়া সরকারের কার্যক্রম ফলপ্রসূ হয় না।

১২. **সুশাসনের অভাবের সবচেয়ে তাৎক্ষণিক ও সুস্পষ্ট প্রভাব কী?**
ক. বিদেশী বিনিয়োগ হ্রাস খ. ■ দুর্নীতি বৃদ্ধি
গ. সামাজিক সন্তোষ বৃদ্ধি ঘ. বর্ণিত সবগুলো

ব্যাখ্যা : সুশাসন না থাকলে জবাবদিহিতা ও স্বচ্ছতা কমে যায়, ফলে **দুর্নীতি দ্রুত বৃদ্ধি** পায়।

১৩. **'সামাজিক মূল্যবোধের' ভিত্তি কোনটি?**
ক. আইনের শাসন খ. নৈতিকতা
গ. সাম্য ঘ. ■ উপরের সবগুলো

ব্যাখ্যা : সামাজিক মূল্যবোধ গঠনে **আইনের শাসন, নৈতিকতা ও সাম্য—সবকিছুই** অপরিহার্য।

১৪. **'শিক্ষার অধিকার' নাগরিকের কোন শ্রেণির অধিকার?**
ক. ■ সামাজিক অধিকার খ. রাজনৈতিক অধিকার
গ. অর্থনৈতিক অধিকার ঘ. নৈতিক অধিকার

ব্যাখ্যা : শিক্ষা মানুষের সামাজিক উন্নয়ন ও মর্যাদা নিশ্চিত করে, তাই এটি **সামাজিক অধিকার।**

১৫. **'আদর্শ আমলাতন্ত্রের' জনক বলা হয় কাকে?**
ক. পল এইচ অ্যাপলবি খ. অধ্যাপক হারম্যান ফাইনার
গ. ■ ম্যাক্স ওয়েবার ঘ. অধ্যাপক ম্যাকিয়াভেলি

ব্যাখ্যা : **'আদর্শ আমলাতন্ত্রের'** জনক **ম্যাক্স ওয়েবার** আমলাতন্ত্রের কাঠামো, নিয়মনীতি ও বৈশিষ্ট্য বিশ্লেষণ করেন।

১৬. **সুশাসনের জন্য অপরিহার্য উপাদান নয় কোনটি?**
ক. ■ বহুদলীয় ব্যবস্থা খ. স্বাধীন বিচারব্যাবস্থা
গ. নিরপেক্ষ ও স্বাধীন গণমাধ্যম ঘ. জবাবদিহিমূলক সরকার

ব্যাখ্যা : **বহুদলীয় ব্যবস্থা** গণতন্ত্রের জন্য গুরুত্বপূর্ণ হলেও সুশাসনের অপরিহার্য শর্ত নয়।

১৭. **'জনমত' গঠনের মাধ্যম কোনটি?**
উত্তর: বিচার বিভাগ

ব্যাখ্যা : **আইনসভায়** আলোচনা, বিতর্ক ও আইন প্রণয়নের মাধ্যমে **জনগণের মতামত** প্রতিফলিত হয়।

১৮. **"রাষ্ট্রের সব ধরনের উন্নয়নের জন্য সুশাসন অত্যাবশ্যক" -উক্তিটি কোন দার্শনিকের?**
ক. ম্যাককরনি খ. মারটিন মিনোগ
গ. ■ মিশেল ক্যামডেসাস ঘ. ল্যান্ডেল মিল

ব্যাখ্যা : **মিশেল ক্যামডেসাস উন্নয়ন ও সুশাসনের** পারস্পরিক সম্পর্কের ওপর গুরুত্ব দিয়েছেন।

১৯. **সরকারপ্রধান ও রাষ্ট্রপ্রধান একই ব্যক্তি হয় কোন ধরনের সরকারব্যবস্থায়?**
ক. ■ রাষ্ট্রপতিশাসিত খ. মন্ত্রিপরিষদশাসিত
গ. এককেন্দ্রিক ঘ. যুক্তরাষ্ট্রীয়

ব্যাখ্যা : **রাষ্ট্রপতিশাসিত** সরকারব্যবস্থায় রাষ্ট্রপতিই রাষ্ট্র ও সরকারের প্রধান হন।

২০. **মানুষের কোন ক্রিয়া 'নীতিবিদ্যার' আলোচ্য বিষয়?**
ক. অনৈচ্ছিক ক্রিয়া খ. ■ ঐচ্ছিক ক্রিয়া
গ. ইচ্ছা নিরপেক্ষ ক্রিয়া ঘ. উল্লেখিত সবগুলো

ব্যাখ্যা : নীতিবিদ্যা মানুষের সচেতন, **ঐচ্ছিক** ও দায়বদ্ধ কর্মের নৈতিকতা বিশ্লেষণ করে।

২১. **নগররাষ্ট্রের যুগে নাগরিকগণ কিভাবে রাষ্ট্রীয় কাজে অংশগ্রহণ করতো?**
ক. ■ প্রত্যক্ষভাবে খ. পরোক্ষভাবে
গ. ভোটের মাধ্যমে ঘ. প্রতিনিধি নির্বাচনের মাধ্যমে

ব্যাখ্যা : **নগররাষ্ট্রের (City-state) যুগে** নাগরিকরা **সরাসরি** রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণে অংশ নিত। প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা তখন ছিল না।

২২. **নিচের কোন ব্যক্তি 'ফ্যাসিবাদের' প্রতিষ্ঠাতা ছিলেন?**
ক. ■ মুসোলিনী খ. লেলিন গ. নেপোলিয়ান ঘ. স্ট্যালিন
ব্যাখ্যা : **বেনিতো মুসোলিনী** ইতালিতে ফ্যাসিবাদী আদর্শ প্রতিষ্ঠা করেন, তাই তাঁকেই **ফ্যাসিবাদের প্রতিষ্ঠাতা** বলা হয়।

২৩. **'নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল' গঠিত হয় কত সালে?**
ক. ■ ২০০০ সালে খ. ২০০১ সালে
গ. ২০০২ সালে ঘ. ২০০৩ সালে
ব্যাখ্যা : বাংলাদেশে **২০০০ সালে** আইন দ্বারা **'নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল'** গঠিত হয়।

২৪. **মূল্যবোধের উৎস কোনটি?**
ক. ধর্ম খ. সমাজ
গ. ■ নৈতিক চেতনা ঘ. রাষ্ট্র
ব্যাখ্যা : **নৈতিক চেতনা** থেকেই মানুষের মূল্যবোধ সৃষ্টি হয়; এটি ভালো-মন্দ বিচার করার অন্তর্নিহিত ক্ষমতা।

২৫. **সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ সরকারের সর্বাধিক গুরত্বপূর্ণ ক্ষেত্র কোনটি?**
ক. বিচার বিভাগ খ. দুর্নীতি দমন
গ. আমলাতন্ত্র ঘ. ■ স্থানীয় সরকার
ব্যাখ্যা : **স্থানীয় সরকার** জনগণের সবচেয়ে কাছের প্রশাসনিক স্তর; সুশাসন বাস্তবায়নে এর ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ।

২৬. **'কর্তব্যের জন্য কর্তব্য' ধারণাটির প্রবর্তক কে?**
ক. ■ ইমানুয়েল কান্ট খ. বার্ট্রান্ড রাসেল
গ. হার্বার্ট স্পেনসার ঘ. অ্যারিস্টটল
ব্যাখ্যা : **ইমানুয়েল কান্ট** বলেন— কর্তব্য নিজেই উদ্দেশ্য; কোনো ফলের আশায় নয়। একে বলা হয় "Duty for duty's sake"

২৭. **"রাষ্ট্র মুখ্য, ব্যক্তি গৌণ"– কোন ধরনের সরকারের বৈশিষ্ট্য?**
ক. গণতন্ত্র খ. সমাজতন্ত্র
গ. রাজতন্ত্র ঘ. ■ একনায়কতন্ত্র
ব্যাখ্যা : **একনায়কতন্ত্রে** রাষ্ট্র সর্বোচ্চ গুরুত্ব পায়, ব্যক্তির স্বাধীনতা গৌণ হয়।

২৮. **'মানব উন্নয়ন সূচক'-২০২৫ এ বাংলাদেশের অবস্থান কততম?**
ক. ১৩১তম খ. ■ ১৩০তম গ. ১২৯তম ঘ. ১২৮তম
ব্যাখ্যা : ২০২৫ সালের **মানব উন্নয়ন সূচকে (HDI)** বাংলাদেশের অবস্থান **১৩০তম**।

২৯. **বাংলাদেশ একটি 'প্রজাতান্ত্রিক রাষ্ট্র', কারণ–**
ক. ■ রাষ্ট্রপতি পরোক্ষ ভোটে নির্বাচিত
খ. সংসদ সদস্যরা প্রত্যক্ষ ভোটে নির্বাচিত
গ. স্পিকার পরোক্ষ ভোটে নির্বাচিত
ঘ. মন্ত্রিসভা নির্বাহী ক্ষমতার অধিকারী
ব্যাখ্যা : বাংলাদেশ '**প্রজাতন্ত্র'-** কারণ রাষ্ট্রপ্রধান (রাষ্ট্রপতি) জনগণের প্রতিনিধিদের দ্বারা পরোক্ষভাবে নির্বাচিত হন।

৩০. **'আধুনিক উপযোগবাদের' জনক বলা হয় কাকে?**
ক. ইমানুয়েল কান্ট খ. ■ জেরেমি বেন্থাম
গ. বার্ট্রান্ড রাসেল ঘ. হার্বার্ট স্পেনসার
ব্যাখ্যা : **জেরেমি বেন্থাম** 'আধুনিক উপযোগবাদ' তত্ত্বের প্রবর্তক; তিনি "সর্বাধিক মানুষের সর্বাধিক সুখ"-এর কথা বলেন।

৩১. **নিচের কোনটি সামাজিক বিজ্ঞানে অন্তর্ভুক্ত নয়?**
ক. রাষ্ট্রবিজ্ঞান খ. অর্থনীতি গ. ■ ইতিহাস ঘ. সমাজকর্ম
ব্যাখ্যা : **ইতিহাস** মানববিদ্যার অন্তর্ভুক্ত; সামাজিক বিজ্ঞানে অন্তর্ভুক্ত নয়।

৩২. **এরিস্টটলের মতে 'বিকৃত সরকার' কোনটি? উত্তর:** গণতন্ত্র
ব্যাখ্যা : এরিস্টটলের মতে **গণতন্ত্র** হলো বিকৃত সরকার, কারণ এতে সংখ্যাগরিষ্ঠের স্বার্থ প্রাধান্য পায়।

৩৩. **নিচের কোনটি রাজনৈতিক অধিকার নয়?**
ক. স্থায়ীভাবে বসবাসের অধিকার
খ. ■ সভা-সমিতির অধিকার
গ. সরকারি চাকরিলাভের অধিকার
ঘ. বিদেশে অবস্থানকালে নিরাপত্তার অধিকার
ব্যাখ্যা : **সভা-সমিতির অধিকার** একটি **নাগরিক অধিকার**; রাজনৈতিক অধিকার নয়।

৩৪. **গণতন্ত্রের প্রাণকেন্দ্র কোনটি?**
ক. নির্বাচন খ. সার্বভৌমত্ব
গ. সরকার ঘ. ■ জনমত
ব্যাখ্যা : **জনমত** ছাড়া গণতন্ত্র টেকসই হয় না; তাই জনমতই গণতন্ত্রের প্রাণকেন্দ্র।

৩৫. **বিশ্বব্যাংকের মতে, সুশাসনের স্তম্ভ নয় কোনটি?**
ক. অংশগ্রহণ খ. আইনি কাঠামো গ. ■ দক্ষতা ঘ. স্বচ্ছতা
ব্যাখ্যা : বিশ্বব্যাংকের মতে সুশাসনের স্তম্ভগুলো হলো অংশগ্রহণ, আইনের শাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা; **দক্ষতা** নয়।

৩৬. **"সরকার হলো রাষ্ট্রের মুখপাত্র"– বক্তব্যটি কার? উত্তর :** অধ্যাপক লাস্কি
ব্যাখ্যা : **লাস্কির** মতে সরকার রাষ্ট্রের হয়ে কথা বলে ও কাজ করে— তাই সরকার রাষ্ট্রের মুখপাত্র।

৩৭. **নৈতিকতাকে বলা হয় মানবজীবনের–**
ক. নৈতিক শক্তি খ. নৈতিক বিধি
গ. ■ নৈতিক আদর্শ ঘ. উপরের সবগুলো
ব্যাখ্যা : নৈতিকতা **মানবজীবনের আদর্শ** কেমন হওয়া উচিত তা নির্ধারণ/নির্দেশ করে।

৩৮. **'সত্যের সন্ধান' গ্রন্থটির রচয়িতা কে?**
ক. গোবিন্দ চন্দ্র দেব খ. সরদার ফজলুল করিম
গ. আহমদ ছফা ঘ. ■ আরজ আলী মাতুব্বর
ব্যাখ্যা : 'সত্যের সন্ধান' গ্রন্থটি যুক্তিবাদী চিন্তাবিদ **আরজ আলী মাতুব্বর** রচনা করেন।

৩৯. **জাতিসংঘের কোন পরিষদে 'মানবাধিকার' ঘোষিত হয়েছে?**
ক. আন্তর্জাতিক আদালত খ. অছি পরিষদ
গ. ■ সাধারণ পরিষদ ঘ. নিরাপত্তা পরিষদ
ব্যাখ্যা : জাতিসংঘের **সাধারণ পরিষদেই** ১৯৪৮ সালে **'সর্বজনীন মানবাধিকার ঘোষণা'** গৃহীত হয়।

৪০. **একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের অত্যাবশ্যক গুণাবলির শ্রেষ্ঠ গুণ কোনটি?**
ক. দায়িত্বশীলতা খ. দক্ষতা গ. ■ নৈতিকতা ঘ. সরলতা
ব্যাখ্যা : **নৈতিকতা** ছাড়া দক্ষতা ও দায়িত্বশীলতা বিপজ্জনক হতে পারে— তাই এটি একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের **শ্রেষ্ঠ গুণ।**

৪১. **জাতিসংঘের কোন সংস্থা সুশাসনের সংজ্ঞা প্রদান করেছে?**
ক. UNESCO খ. ■ UNDP গ. UNICEF ঘ. UNHCR
ব্যাখ্যা : **জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) সুশাসনের** সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা ও সূচক নির্ধারণ করেছে।

৪২. **কোন ধরনের মূল্যবোধ জাতীয় উন্নতির চাবিকাঠি?**
ক. সামাজিক মূল্যবোধ খ. ■ গণতান্ত্রিক মূল্যবোধ
গ. রাজনৈতিক মূল্যবোধ ঘ. ধর্মীয় মূল্যবোধ
ব্যাখ্যা : **গণতান্ত্রিক মূল্যবোধ** নাগরিক অংশগ্রহণ, মতপ্রকাশের স্বাধীনতা ও সুশাসন নিশ্চিত করে, যা উন্নয়নের মূল ভিত্তি।

৪৩. **'ব্লাসফেমি আইন' বিশ্বের কোন দেশে প্রথম চালু হয়?**
ক. পাকিস্তান খ. যুক্তরাষ্ট্র গ.■ যুক্তরাজ্য ঘ. কানাডা
ব্যাখ্যা : **ইংল্যান্ডে (যুক্তরাজ্য)** প্রথম ব্লাসফেমি আইন প্রবর্তিত হয় চার্চ সুরক্ষার জন্য।

৪৪. **'রাষ্ট্র' কোনটির সম্প্রসারিত রূপ?**
ক. গোষ্ঠি খ. ■ পরিবার গ. সমাজ ঘ. উপজাতি
ব্যাখ্যা : পরিবার → সমাজ → রাষ্ট্র— এই ধাপে রাষ্ট্র গড়ে ওঠে; তাই **পরিবার** রাষ্ট্রের মৌলিক একক।

৪৫. **সুশাসনের মূলভিত্তি কোনটি?**
ক. গণতন্ত্র খ. আমলাতন্ত্র গ. আইনের শাসন ঘ. ■ মূল্যবোধ
ব্যাখ্যা : নৈতিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা—সবই **মূল্যবোধের** ওপর নির্ভরশীল।

৪৬. **'নেতৃত্ব' কোন ধরনের গুণ?**
ক. অর্থনৈতিক গুণ খ. ■ সামাজিক গুণ
গ. রাজনৈতিক গুণ ঘ. নৈতিক গুণ
ব্যাখ্যা : **নেতৃত্ব** মানুষের সাথে সম্পর্ক ও প্রভাব বিস্তারের ক্ষমতার সাথে যুক্ত। তাই, এটি **সামাজিক গুণ** ।

৪৭. **কোনটি নৈতিকতার উৎস নয়?**
ক.■ আইন খ. ধর্ম গ. ঐতিহ্য ঘ. মানব আচরণ
ব্যাখ্যা : নৈতিকতা আসে বিবেক, ধর্ম ও সমাজ থেকে; **আইন** নৈতিকতার **ফল**; উৎস নয়।

৪৮. **'সততার সাথে ভোটদান করা' কোন ধরনের কর্তব্য? উত্তর :** নৈতিক কর্তব্য
ব্যাখ্যা : ভোট দেওয়া আইনগত হলেও সততার সাথে দেওয়া **নৈতিক কর্তব্য** ।

৪৯. **'মূল্যবোধের' উদাহরণ নয় কোনটি?**
ক. ন্যায়নীতি খ. স্বাধীনতা গ. ■ গণতন্ত্র ঘ. সাম্য
ব্যাখ্যা : ন্যায়, স্বাধীনতা ও সাম্য হলো 'মূল্যবোধের' উদাহরণ; **গণতন্ত্র** একটি **শাসনব্যবস্থা**।

৫০. **'স্বাধীনতার' শর্ত কোনটি?**
ক. সাম্য খ. নৈতিকতা গ. বিচার ঘ. ■ আইন
ব্যাখ্যা : **আইন** ছাড়া স্বাধীনতা বিশৃঙ্খলায় পরিণত হয়।

৫১. **জাতিসংঘ সুশাসনের কয়টি সূচকের কথা উল্লেখ করেছে?**

ক. ■ ৮টি খ. ৯টি

গ. ১০টি ঘ. ১১টি

ব্যাখ্যা : জাতিসংঘ সুশাসনের ৮টি মূল সূচকের কথা উল্লেখ করেছে, যা হলো: অংশগ্রহণ, আইনের শাসন, স্বচ্ছতা, প্রতিক্রিয়াশীলতা, ঐকমত্য-ভিত্তিক, ন্যায়বিচার ও অন্তর্ভুক্তিকরণ, কার্যকারিতা ও দক্ষতা এবং জবাবদিহিতা।

৫২. **'চাপসৃষ্টিকারী গোষ্ঠীর' প্রধান লক্ষ্য কোনটি?**

ক. সরকার গঠন করা খ. দেশের উন্নয়ন করা

গ. রাজনৈতিক অস্থিতিশীলতা সৃষ্টি ঘ. ■ স্বার্থসিদ্ধির জন্য কাজ করা

ব্যাখ্যা : Pressure group ক্ষমতা দখল নয়, **স্বার্থ আদায়ে** কাজ করে।

৫৩. **"আইনের চোখে সকলে সমান"– উক্তিটি কোন দার্শনিকের?**

ক. অধ্যাপক লাস্কি খ. ■ অধ্যাপক ডাইসি

গ. অধ্যাপক ব্রাইট ঘ. অধ্যাপক কার্ল মার্কস

ব্যাখ্যা : **অধ্যাপক ডাইসির** 'Rule of Law'-এর মূলনীতি এটি।

৫৪. **বর্তমান প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক সরকারকে 'দলীয় সরকার' বলা হয় কেনো?**

ক. নির্বাচন হয় জনমতের ভিত্তিতে খ. নির্বাচন হয় মতের ভিত্তিতে

গ. ■ নির্বাচন হয় দলীয় ভিত্তিতে ঘ. নির্বাচন হয় জনগণের ইচ্ছার ভিত্তিতে

ব্যাখ্যা : আধুনিক প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে নাগরিকরা সরাসরি সরকার পরিচালনা না করে রাজনৈতিক দলের প্রার্থীকে ভোট দেয়। যে দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে, সেই দল সরকার গঠন করে। তাই এই ব্যবস্থাকে **দলীয় সরকার** বলা হয়।

৫৫. **সুশাসন প্রত্যয়টি–**

ক. চতুর্মুখী খ. ত্রিমুখী

গ. ■ দ্বিমুখী ঘ. একমুখী

ব্যাখ্যা : সুশাসন রাষ্ট্র ও নাগরিক—এই **দুই পক্ষের** সম্মিলিত দায়িত্ব। সরকার স্বচ্ছ ও জবাবদিহিমূলক হবে এবং নাগরিকরা আইন মেনে দায়িত্ব পালন করবে—এই **দ্বিমুখী** সম্পর্কের মাধ্যমেই সুশাসন প্রতিষ্ঠিত হয়।

৫৬. **নিচের কোনটি সংস্কৃতির উপাদান নয়?**

ক. ■ আইন খ. প্রতীক

গ. ভাষা ঘ. মূল্যবোধ

ব্যাখ্যা : সংস্কৃতি হলো মানুষের জীবনধারা—ভাষা, প্রতীক, বিশ্বাস, মূল্যবোধ ইত্যাদির সমষ্টি। **আইন রাষ্ট্রীয় বিধান**, এটি সংস্কৃতির অংশ নয়।

৫৭. **'প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের' মূলভিত্তি কোনটি?**

ক. ছাত্র সংগঠন খ. ■ রাজনৈতিক দল

গ. জাতীয় সংসদ ঘ. আমলাতন্ত্র

ব্যাখ্যা : প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে রাজনৈতিক দল নাগরিকদের মতামত সংগঠিত করে, প্রার্থী দেয় এবং সরকার গঠন করে। তাই **রাজনৈতিক দলই** এর মূলভিত্তি।

৫৮. **বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে 'আইনের দৃষ্টিতে সকল নাগরিক সমান' সম্পর্কে বলা আছে?**

ক. অনুচ্ছেদ ২৬ খ. ■ অনুচ্ছেদ ২৭

গ. অনুচ্ছেদ ২৮ ঘ. অনুচ্ছেদ ২৯

ব্যাখ্যা : সংবিধানের **২৭ নং অনুচ্ছেদে** স্পষ্টভাবে বলা হয়েছে—রাষ্ট্রের চোখে সকল নাগরিক সমান এবং সমান আইনি সুরক্ষা ভোগ করবে।

৫৯. **নিচের কোনটি 'গণতান্ত্রিক মূল্যবোধের' উদাহরণ নয়?**

ক. শৃঙ্খলাবোধ খ. সহমর্মিতা

গ. ■ ন্যায়পরায়ণতা ঘ. শ্রদ্ধা

ব্যাখ্যা : **ন্যায়পরায়ণতা** একটি **নৈতিক মূল্যবোধ**। গণতান্ত্রিক মূল্যবোধের মধ্যে সহমর্মিতা, শ্রদ্ধা ও শৃঙ্খলাবোধ বেশি প্রাসঙ্গিক।

৬০. **ডিসেম্বর মাসের কত তারিখে 'মানবাধিকার দিবস' পালন করা হয়?**

ক. ৭ ডিসেম্বর খ. ৮ ডিসেম্বর

গ. ৯ ডিসেম্বর ঘ. ■ ১০ ডিসেম্বর

ব্যাখ্যা : ১৯৪৮ সালের **১০ ডিসেম্বর** জাতিসংঘ মানবাধিকার ঘোষণা গ্রহণ করে। এই দিনটি স্মরণে প্রতি বছর **মানবাধিকার দিবস** পালিত হয়।

৬১. **কোনটি সুশাসনের অন্যতম উপাদান?**

ক. ■ আইনের শাসন খ. নাগরিক সচেতনতাবোধ

গ. সামাজিক ন্যায়বিচার ঘ. দায়িত্বশীলতা

ব্যাখ্যা : সুশাসনের মূল ভিত্তি হলো **আইনের শাসন (Rule of Law)**—যেখানে রাষ্ট্র ও নাগরিক সবাই আইনের অধীন থাকবে।

৬২. **নিচের কোনটি নাগরিকের প্রধান কর্তব্য?**

ক. কর প্রদান খ. ভোট প্রদান

গ. আইন মান্য করা ঘ. ■ আনুগত্য প্রকাশ

ব্যাখ্যা : রাষ্ট্রের প্রতি **আনুগত্য প্রকাশ** করা নাগরিকের মৌলিক কর্তব্য; এর মাধ্যমেই রাষ্ট্রের অস্তিত্ব ও শৃঙ্খলা রক্ষা হয়।

৬৩. **নিচের কোনটি আইনের উৎস নয়?**

ক. ■ নির্বাহী বিভাগ খ. বিচারকের রায়

গ. আইনসভা ঘ. জনমত

ব্যাখ্যা : আইন প্রণয়ন করে আইনসভা, ব্যাখ্যা দেয় বিচার বিভাগ। **নির্বাহী বিভাগ আইন বাস্তবায়ন** করে—উৎস নয়।

৬৪. **নিচের কোনটি কর্তব্যের পরিপূরক?**

ক. স্বাধীনতা খ. ■ অধিকার

গ. ভালোবাসা ঘ. সম্প্রীতি

ব্যাখ্যা : **অধিকার** ও **কর্তব্য** পরস্পরের **পরিপূরক**—একটি ছাড়া অন্যটি অর্থহীন।

৬৫. **আইনের শাসন বলতে কী বোঝায়?**

ক. ■ নাগরিক অধিকার নিশ্চিত করা খ. ব্যক্তিস্বাধীনতা রক্ষা করা

গ. জবাবদিহিতা নিশ্চিত করা ঘ. সামাজিক নিরাপত্তা বিধান

ব্যাখ্যা : **আইনের শাসনের** মূল লক্ষ্য হলো নাগরিকের **মৌলিক অধিকার সংরক্ষণ** ও সমতা নিশ্চিত করা।

৬৬. **'অবকাশ লাভের অধিকার' কোন ধরনের অধিকার?**

ক. ■ সামাজিক খ. রাজনৈতিক

গ. অর্থনৈতিক ঘ. ধর্মীয়

ব্যাখ্যা : 'বিশ্রাম ও অবকাশ' সামাজিক কল্যাণের অংশ—তাই এটি **সামাজিক অধিকার।**

৬৭. **'নৈতিকতার' রক্ষাকবজ কোনটি?**

ক. সমাজ খ. মানসিক আচরণ

গ. পরিবার ঘ. ■ বিবেকের দংশন

ব্যাখ্যা : নৈতিক ভুল করলে যে **আত্মগ্লানি/বিবেকের দংশন** হয়—সেটিই নৈতিকতার সবচেয়ে শক্ত রক্ষাকবজ।

৬৮. **কারা শুধু সামাজিক অধিকার ভোগ করতে পারে, কিন্তু রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না? উত্তর :** বিদেশি

ব্যাখ্যা : বিদেশিরা বসবাস, শিক্ষা ইত্যাদি সামাজিক অধিকার পায়, কিন্তু **ভোট বা নির্বাচনে অংশ** নিতে পারে না।

৬৯. **কোনটি গণতান্ত্রিক রাষ্ট্রের 'চতুর্থ স্তম্ভ' হিসেবে বিবেচনা করা হয়?**

ক. ■ স্বাধীন গণমাধ্যম খ. নির্বাহী বিভাগ

গ. আইন বিভাগ ঘ. বিচার বিভাগ

ব্যাখ্যা : গণমাধ্যম সরকারকে জবাবদিহির আওতায় আনে—তাই একে **চতুর্থ স্তম্ভ** বলা হয়।

৭০. **'ই-গভর্নেন্সের' মূল উদ্দেশ্য কোনটি?**

ক. দ্রুততম সময়ে কাজ সম্পন্ন করা

খ. ব্যবসা-বাণিজ্যের প্রসার সাধন করা

গ. কম খরচে কাজটি সম্পন্ন করা

ঘ. ■তথ্যের অবাধ প্রবাহ সৃষ্টি করে জনগনের ক্ষমতা বৃদ্ধি

ব্যাখ্যা : ই-গভর্নেন্সের লক্ষ্য শুধু গতি বা খরচ নয়, বরং **তথ্যের অবাধ প্রবাহ সৃষ্টি করে** জনগণের ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে **জনগণের ক্ষমতায়ন**।

৭১. **কোনটি 'সুশাসনের' পরিচয় দেয়?**

ক. ■ গণসন্তুষ্টি খ. গণস্বার্থ

গ. গণআকাঙ্ক্ষা ঘ. গণচেতনা

ব্যাখ্যা : **জনগণ সন্তুষ্ট** থাকাই প্রমাণ করে যে শাসনব্যবস্থা সঠিকভাবে পরিচালিত হচ্ছে।

৭২. **কোন সাম্য ব্যতীত 'রাজনৈতিক সাম্য' অর্থহীন?**

ক. সামাজিক সাম্য খ. ■ অর্থনৈতিক সাম্য

গ. ব্যক্তিগত সাম্য ঘ. আইনগত সাম্য

ব্যাখ্যা : **অর্থনৈতিক বৈষম্য** থাকলে রাজনৈতিক অধিকার বাস্তবে প্রয়োগ করা যায় না।

৭৩. **'কৌটিল্যের' মতে সুশাসনের উপাদান কতটি?**

ক. ৬টি খ. ৫টি

গ. ■ ৪টি ঘ. ৩টি

ব্যাখ্যা : **কৌটিল্য** সুশাসনের **চারটি** মৌলিক উপাদানের কথা বলেছেন—শাসক, মন্ত্রী, কোষাগার ও সেনাবাহিনী।

৭৪. **'ধর্মচর্চা' কোন ধরনের স্বাধীনতার অন্তর্ভুক্ত?**

ক. সামাজিক স্বাধীনতা খ. রাজনৈতিক স্বাধীনতা

গ. ■ ব্যক্তিগত স্বাধীনতা ঘ. অর্থনৈতিক স্বাধীনতা

ব্যাখ্যা : **ধর্ম পালন** ব্যক্তির **ব্যক্তিগত** বিশ্বাস ও চর্চার বিষয়।

৭৫. **কোনটি 'সুশাসনের' উপাদান?**
ক. জবাবদিহিতা খ. স্বচ্ছতা
গ. আইনের শাসন ঘ. ■ উপরের সবকয়টি
ব্যাখ্যা : **জবাবদিহিতা, স্বচ্ছতা ও আইনের শাসন—সবগুলোই** সুশাসনের অপরিহার্য উপাদান।

৭৬. **'ছায়া মহামারি' শব্দটি কিসের সাথে সম্পর্কিত?**
ক. কর্মস্থলে নারী ও শিশু নির্যাতন খ. সমাজে নারী ও শিশু নির্যাতন
গ. ■ পরিবারে নারী ও শিশু নির্যাতন ঘ. রাষ্ট্রে নারী ও শিশু নির্যাতন
ব্যাখ্যা : ঘরের ভেতরে ঘটে বলে এটি অনেক সময় অদৃশ্য থাকে—তাই একে **ছায়া মহামারি** বলা হয়।

৭৭. **'নীতিবিদ্যার' মূলকথা নয় নিচের কোনটি?**
ক. ■ সর্বোচ্চ সুখ খ. সৎ ইচ্ছা
গ. কর্তব্যের জন্য কর্তব্য ঘ. শর্তহীন আদেশ
ব্যাখ্যা : **সর্বোচ্চ সুখ** 'উপযোগবাদের' ধারণা, নীতিবিদ্যার নয়।

৭৮. **নিচের কোনটি 'স্বাধীনতাকে' অর্থবহ করে? উত্তর :** আইন
ব্যাখ্যা : **আইন** ছাড়া স্বাধীনতা বিশৃঙ্খলায় পরিণত হয়।

৭৯. **নিচের কোনটি সুশাসনের উপাদান নয়?**
ক. সমতা ও নায্যতা খ. ■ নৈতিক শাসন
গ. কার্যকারিতা ও দক্ষতা ঘ. কৌশলগত লক্ষ্য
ব্যাখ্যা : **নৈতিক শাসন** একটি আদর্শ ধারণা; জাতিসংঘের সুশাসন সূচকের অন্তর্ভুক্ত নয়।

৮০. **'সরকারি চাকরি লাভের স্বাধীনতা'-এটি কোন ধরনের স্বাধীনতা?**
ক. ■ রাজনৈতিক খ. অর্থনৈতিক গ. সামাজিক ঘ. আইনগত
ব্যাখ্যা : রাষ্ট্রীয় পদ লাভের সুযোগ রাজনৈতিক স্বাধীনতার একটি গুরুত্বপূর্ণ অংশ। কারণ, এটি আইনের চোখে সকলের সমান অধিকার (Equality before law) নিশ্চিত করে এবং ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে যেকোনো নাগরিকের প্রজাতন্ত্রের যেকোনো কর্মে নিয়োগ ও পদ লাভের সমান সুযোগ দেয়, যা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের মৌলিক অধিকার ও নীতির অন্তর্ভুক্ত।

৮১. **দুর্নীতি প্রতিরোধে সহায়ক শক্তি কোনটি?**
ক. স্বচ্ছতা খ. বিচার বিভাগের স্বাধীনতা
গ. জবাবদিহিতা ঘ. ■ সুশাসন
ব্যাখ্যা : **সুশাসনের** মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহিতা, আইনের শাসন ও অংশগ্রহণ নিশ্চিত হয়—যা দুর্নীতি প্রতিরোধে সবচেয়ে কার্যকর শক্তি।

৮২. **'মূল্যবোধের' বৈশিষ্ট্য নয় কোনটি?**
ক. বিভিন্নতা খ. ■ অপরিবর্তনশীলতা
গ. আপেক্ষিক ঘ. নৈতিকতা প্রাধান্য
ব্যাখ্যা : **মূল্যবোধ** সময়, সমাজ ও সংস্কৃতিভেদে পরিবর্তিত হয়—তাই এটি **অপরিবর্তনশীল নয়।**

৮৩. **ইউনিসেফের মতে 'শিশুর' বয়স কোনটি?**
ক. ০-১৬ বছর খ. ০-১৭ বছর
গ. ■ ০-১৮ বছর ঘ. ০-১৯ বছর
ব্যাখ্যা : **UNICEF** ও জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুযায়ী **১৮ বছরের নিচে** সবাই শিশু।

৮৪. **আইন মেনে চলার মূল কারণ কি?**
ক. শাস্তির ভয় খ. বুদ্ধি
গ. ■ উপযোগিতা ঘ. মূল্যবোধ
ব্যাখ্যা : মানুষ আইন মেনে চলে কারণ আইন সমাজে শৃঙ্খলা, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করে—যা সবার জন্য **উপযোগী।**

৮৫. **'সু-শাসন' কোন ধরনের শাসনব্যবস্থা?**
ক. ■ অংশগ্রহণমূলক শাসনব্যবস্থা খ. আধুনিক শাসনব্যবস্থা
গ. যৌথ শাসনব্যবস্থা ঘ. একক শাসনব্যবস্থা
ব্যাখ্যা : **সু-শাসনে** জনগণের **অংশগ্রহণ**, মতামত ও অধিকার নিশ্চিত করা হয়।

৮৬. **একজন প্রশাসকের 'মৌলিক মূল্যবোধ' কোনটি?**
ক. স্বাধীনতা খ. ক্ষমতা
গ. কর্মদক্ষতা ঘ. ■ জনকল্যাণ
ব্যাখ্যা : প্রশাসনের চূড়ান্ত লক্ষ্য হলো **জনগণের কল্যাণ** সাধন।

৮৭. **লর্ড ব্রাইসের মতে কয়টি কারণে মানুষ আইন মেনে চলে? উত্তর :** ৫
ব্যাখ্যা : লর্ড ব্রাইস **পাঁচটি** কারণ উল্লেখ করেছেন—ভয়, অভ্যাস, উপযোগিতা, নৈতিকতা ও জনমত।

৮৮. **প্লেটো উল্লেখিত 'সদগুণ' কোনটি?**
ক. মানবিকতা খ. সততা
গ. ■ প্রজ্ঞা ঘ. বুদ্ধি
ব্যাখ্যা : প্লেটোর চারটি প্রধান সদ্গুণের (Cardinal Virtues) একটি হলো **প্রজ্ঞা (Wisdom);** বাকি তিনটি হলো সাহস (Courage), সংযম (Temperance) এবং ন্যায়বিচার (Justice)।

৮৯. **"আইন হলো আবেগহীন যুক্তি।" উক্তিটি কার?**
ক. ■ এরিস্টটল খ. হল্যান্ড
গ. সক্রেটিস ঘ. জন অস্টিন
ব্যাখ্যা : এরিস্টটল আইনকে বলেছেন—**Reason free from passion** (আবেগহীন যুক্তি)।

৯০. **সরকারি সিদ্ধান্ত প্রণয়নে কোন মূল্যবোধটি গুরত্ব বহন করে না?**
ক. বিশ্বস্ততা খ. ■ সৃজনশীলতা
গ. নিরপেক্ষতা ঘ. জবাবদিহিতা
ব্যাখ্যা : সরকারি সিদ্ধান্তে নিরপেক্ষতা, বিশ্বস্ততা ও জবাবদিহিতা জরুরি; **সৃজনশীলতা** আবশ্যক নয়।

৯১. **'বিপরীত বৈষম্য'-এই নীতিটি কোন ক্ষেত্রে প্রয়োগ করা হয়?**
ক. নারীদের ক্ষেত্রে খ. সংখ্যালঘুদের ক্ষেত্রে
গ. ■ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে ঘ. প্রতিবন্ধী জনগোষ্ঠীর ক্ষেত্রে
ব্যাখ্যা : বিপরীত বৈষম্য (Reverse Discrimination) হলো এমন নীতি, যেখানে **পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে** অগ্রাধিকার দিয়ে মূলধারায় আনার চেষ্টা করা হয়—যেমন কোটা ব্যবস্থা।

৯২. **কে সর্বপ্রথম আইন ও নৈতিকতার মধ্যে পার্থক্য করেন?**
ক. অধ্যাপক হলান্ড খ. ম্যাকাইভার
গ. জন অস্টিন ঘ. ■ ম্যাকিয়াভেলি
ব্যাখ্যা : ম্যাকিয়াভেলি রাজনীতিকে নৈতিকতা থেকে আলাদা করে দেখেন এবং বাস্তববাদী রাজনীতির ধারণা দেন।

৯৩. **কোন ব্যক্তিকে 'বাংলার সক্রেটিস' বলে অবিহিত করা হয়?**
ক. সরদার ফজলুল করিম খ. ■ গোবিন্দ চন্দ্র দেব
গ. আরজ আলী মাতুব্বর ঘ. আল মাহমুদ
ব্যাখ্যা : দার্শনিক চিন্তা, নৈতিক দর্শন ও আত্মত্যাগের জন্য **গোবিন্দ চন্দ্র দেবকে** 'বাংলার সক্রেটিস' বলা হয়।

৯৪. **'আতিথেয়তা' কোন ধরনের মূল্যবোধ?**
ক. ■ সামাজিক খ. নৈতিক
গ. ধর্মীয় ঘ. রাজনৈতিক
ব্যাখ্যা : **আতিথেয়তা** সমাজে মানুষের পারস্পরিক সম্পর্ক ও সংস্কৃতির অংশ।

৯৫. **নিচের কোনটি সুশাসন প্রতিষ্ঠার প্রাণ? উত্তর :** গণতন্ত্র
ব্যাখ্যা : গণতন্ত্র ছাড়া জবাবদিহিতা, অংশগ্রহণ ও স্বচ্ছতা কার্যকর হয় না—তাই **গণতন্ত্রই সুশাসনের** প্রাণ।

৯৬. **'মূল্যবোধ' দৃঢ় হয় কিসের মাধ্যমে?**
ক. ■ শিক্ষার মাধ্যমে খ. সুশাসনের মাধ্যমে
গ. ধর্মের মাধ্যমে ঘ. গণতন্ত্র চর্চার মাধ্যমে
ব্যাখ্যা : **শিক্ষা** মানুষের চিন্তা, আচরণ ও নৈতিকতা গঠনে প্রধান ভূমিকা রাখে—এতেই মূল্যবোধ দৃঢ় হয়।

৯৭. **অর্থনৈতিক ক্ষেত্রে 'সুশাসন' প্রতিষ্ঠিত হলে কী হয়?**
ক. বেকারত্ব হ্রাস খ. বিনিয়োগ বৃদ্ধি
গ. কর্মসংস্থান সৃষ্টি ঘ. ■ বর্ণিত সবগুলো
ব্যাখ্যা : **সুশাসনের** ফলে **বিনিয়োগ বাড়ে, কর্মসংস্থান সৃষ্টি** হয় এবং **বেকারত্ব হ্রাস** পায়।

৯৮. **'মূল্যবোধ' কীসের মাধ্যমে নির্ধারিত হয়?**
ক. নৈতিকতা খ. ধর্ম
গ. ■ আচরণ ঘ. অভ্যাস
ব্যাখ্যা : মানুষ কী বিশ্বাস করে তা নয়, বরং সে কীভাবে **আচরণ** করে—তার মাধ্যমেই মূল্যবোধ প্রকাশ ও নির্ধারিত হয়।

৯৯. **কোনটি 'আইনগত কর্তব্য' নয়?**
ক.■ দরিদ্রকে সাহায্য করা খ. নিয়মিত কর দেওয়া
গ. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা ঘ. সততার সাথে ভোটদান করা
ব্যাখ্যা : **দরিদ্রকে সাহায্য করা** নৈতিক ও সামাজিক কর্তব্য, কিন্তু আইনগত বাধ্যবাধকতা নয়।

১০০. **'সুশাসনের' মূল চাবিকাঠি কোনটি?**
ক. সামাজিক সাম্য খ. নাগরিক অধিকার
গ. ■ জবাবদিহিতা ঘ. নাগরিক ক্ষমতায়ন
ব্যাখ্যা : **জবাবদিহিতা** ছাড়া স্বচ্ছতা, আইনের শাসন ও দুর্নীতিমুক্ত প্রশাসন সম্ভব নয়—তাই এটিই 'সুশাসনের' মূল চাবিকাঠি।